

তারিখঃ ০৪ নভেম্বর, ২০২৪ ইং

“বিও হিসাবে ব্যাংক হিসাব নাম্বার, মোবাইল নাম্বার, ই-মেইল এড্রেস, টিন নাম্বার, এনআইডি ও অন্যান্য তথ্যাদি
অন্তর্ভুক্ত বা হালনাগাদ করণ সংক্রান্ত বিজ্ঞপ্তি”

বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) পত্র স্মারক নং- বিএসইসি/এসএমএমআইডি/সিডিএস/১০/২০১৬-২৪৫৭, তারিখঃ ২০ অক্টোবর, ২০২৪ইং এর পত্রের নির্দেশনা অনুযায়ী জানানো যাচ্ছে যে, আগামী ১৪ নভেম্বর, ২০২৪ইং তারিখের মধ্যে নিম্নোক্ত বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি অন্তর্ভুক্তকরণ ও হালনাগাদ করতে হবে। অন্যথায় নির্ধারিত সময় পরে বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) বা সেন্ট্রাল ডিপোজিটোরী বাংলাদেশ লিঃ (সিডিবিএল) কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ১) ১৩ (তের) সংখ্যার ব্যাংক হিসাব নাম্বার অন্তর্ভুক্ত বা হালনাগাদ করতে হবে।
- ২) একটি ব্যাংক হিসাব নাম্বার দুটির বেশী বিও হিসাবে ব্যবহার করা যাবে না এবং এমআইসিআর চেক অনুযায়ী অন্তর্ভুক্ত বা হালনাগাদ করতে হবে। উক্ত নির্দেশনাটি সেকেন্ডারী মার্কেটে বিনিয়োগ এবং আইপিও সুবিধাভোগী উভয় বিনিয়োগকারীর জন্য প্রযোজ্য।
- ৩) ৯ (নয়) সংখ্যার ব্যাংক ব্রাঞ্চ রাউটিং নাম্বার অন্তর্ভুক্ত বা হালনাগাদ করতে হবে।
- ৪) বিও হিসাবে সচল মোবাইল নাম্বার অন্তর্ভুক্ত বা হালনাগাদ করতে হবে এবং একটি নাম্বার দুটির বেশী বিও হিসাবে ব্যবহার করা যাবে না।
- ৫) বিও হিসাবে সচল ই-মেইল এড্রেস অন্তর্ভুক্ত বা হালনাগাদ করতে হবে।
- ৬) বিও হিসাবে প্রযোজ্য ক্ষেত্রে এনআইডি ও টিন নাম্বার আপডেট করতে হবে।

অনুরোধক্রমে,
এবি এণ্ড কোং লিঃ।